
A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

বুধবার | ১৫ মার্চ ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ১৮৮ সংখ্যা | ১ চৈত্র ১৪২৯ সাল | ২২ শাবান ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক গণিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

# প্রিমিয়ার ভার্সিটিতে আন্তর্জাতিক পাই দিবস উদযাপন

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের উদ্যোগে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক পাই দিবস উদযাপন করা হয়েছে। গতকাল মঙ্গলবার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। সভাপতি ও সঞ্চালক ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির। প্রধান অতিথি বলেন, আমাদের জীবন তো গণিত ছাড়া চলেই না। যে লেখাপড়া কম জানে বা একেবারেই জানে না, তাকেও কিছুটা অংক জানতে হয়। ফলে বলা যায়, আন্তর্জাতিক গণিত দিবসের তাৎপর্য বিরাট। তিনি উল্লেখ করেন, একসময় রোমান হরফে সংখ্যা লেখা হতো। সংখ্যাগুলো অনেক বড়ো বড়ো হতো। বস্তুত রোমান হরফে সংখ্যা লেখা ছিল একটা জটিল প্রক্রিয়া। এই উপমহাদেশের গণিতবিদদের শূন্য আবিষ্কার অংকশাস্ত্রকে মুক্তি দিয়েছে। শূন্য আবিষ্কারের ফলে অনেক বড়ো বড়ো সংখ্যার লিখন ও পঠন একেবারে সহজ হয়ে গেছে। তিনি আরও বলেন, একসময় বিশ্বের নানা প্রান্ত থেকে লোকজন জ্ঞান অর্জনের জন্য এথেন্সে প্লেটোর একাডেমিতে যেত। একাডেমিতে লেখা ছিল 'যিনি গণিত জানেন না, তাঁর একাডেমিতে আসার প্রয়োজন নেই'। এই একাডেমি আটশ বছর টিকেছিল।

উপ-উপাচার্য বলেন, জীবনের প্রতিটি ক্ষেত্রে জেনে-না জেনে আমরা গণিত ব্যবহার করি। এ কারণে শিশু শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত গণিত বাধ্যতামূলক। তিনি গণিতকে একটা টুল উল্লেখ করে বলেন, প্রাতিষ্ঠানিক শিক্ষার সব বিষয়ে গণিতকে ব্যবহার করতে হয়। তিনি শূন্য-র কনসেপ্ট ও ব্যবহার নিয়েও কথা বলেন। অনুষ্ঠানে দাবা, বাস্কেটবল ও ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার আপদের পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিভাগের শিক্ষার্থীদের তৈরি গণিত বিষয়ক বিভিন্ন প্রজেক্ট এবং শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণামূলক কাজ নিয়ে একটি প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রধান অতিথিসহ অন্য অতিথিবৃন্দ প্রদর্শনী দেখে সন্তোষ প্রকাশ করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 15 March 2023, Page: 2, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2023-03-15

চট্টগ্রাম বুধবার ১৫ মার্চ ২০২৩

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৮তম বর্ষ ৩২তম সংখ্যা ।। ১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ ।। ২২ শাবান ১৪৪৪ হিজরি ।। Wednesday 15 March 2023 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক পূর্বকোণ
ব্রেকিং নিউজ
পেতে যে কোন
রবি/এয়ারটেল
নাম্বার থেকে
ডায়াল করুন
*213*3368#




*প্রিমিয়ার ইউনিভার্সিটির আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন*

# প্রিমিয়ার ইউনিভার্সিটির আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের উদ্যোগে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন করা হয়েছে। গতকাল মঙ্গলবার ইউনিভার্সিটির দামপাড়া ভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। সভাপতি ও সঞ্চালক ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, 'আমাদের জীবন গণিত ছাড়া চলেই না। যে লেখাপড়া কম জানে বা একেবারেই জানে না, তাকেও কিছুটা অংক জানতে হয়। ফলে বলা যায়, আন্তর্জাতিক গণিত দিবসের তাৎপর্য অনেক বড়।' অনুষ্ঠানে দাবা, বাস্কেটবল ও ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার-আপদের পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিভাগের শিক্ষার্থীদের তৈরি গণিত বিষয়ক বিভিন্ন প্রজেক্ট এবং শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণামূলক কাজ নিয়ে একটি প্রদর্শনীর আয়োজন করা হয়।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 15 March 2023, Page: 3, Col: 6
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-03-15

বুধবার
চট্টগ্রাম
১৫ মার্চ ২০২৩
১ চৈত্র ১৪২৯
২২ শাবান ১৪৪৪
বর্ষ-১১, সংখ্যা-৯১

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএন্ডটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phictg.com | /parkviewhospitalctg | parkview.com.bd

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# জীবনের কোনো ক্ষেত্র গণিতের বাইরে নয় : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের উদ্যোগে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন করা হয়েছে। গতকাল মঙ্গলবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। সভাপতি ও সঞ্চালক ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির।

বক্তব্যে ড. অনুপম সেন বলেন, আমাদের জীবন তো গণিত ছাড়া চলেই না। যে লেখাপড়া কম জানে বা একেবারেই জানে না, তাকেও কিছুটা অংক জানতে হয়। ফলে বলা যায়, আন্তর্জাতিক গণিত দিবসের তাৎপর্য বিরাট। ড. সেন দ্বাদশ ও ত্রয়োদশ শতকে ইউরোপে নবজাগরণের সময় গণিত নিয়ে ব্যাপক আলোচনার কথা তুলে ধরেন। তিনি 'জীবনের কোনো ক্ষেত্রে গণিতের বাইরে যাওয়া যায় না' উল্লেখ করে বলেন, গণিতের মাধ্যমে কেবলমাত্র মূর্ত নয়, গভীরভাবে বিমূর্ত চিন্তাও করা হয়।

অনুষ্ঠানে দাবা, বাস্কেটবল ও ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার আপদের পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিভাগের শিক্ষার্থীদের তৈরি গণিত বিষয়ক বিভিন্ন প্রজেক্ট এবং শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণামূলক কাজ নিয়ে একটি প্রদর্শনীর আয়োজন করা হয়। বিজ্ঞপ্তি




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গণিত দিবসের অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রফেসর ড. অনুপম সেন

Ref: Daily Purbodesh, Date: 15 March 2023, Page: 3, Col: 6
https://epurbodesh.com/edition/467/১৫-মার্চ-২০২৩/page/3

চট্টগ্রাম • বুধবার • ১৫ মার্চ ২০২৩ • ৩০ ফাল্গুন ১৪২৯ • ২২ শাবান ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ২০৬

রূপান্তর নবযাত্রা ১৯

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ ভারতের ছোলায় সয়লাব বাজার, দাম কমছে খাতুনগঞ্জে

৫ চাকমা ভাষা টিকিয়ে রাখা সম্ভব


৬ কত কোটি টাকা বোনাস পাচ্ছেন সাকিবরা?



**শিল্পকলার পরিচালক হলেন জ্যোতিকা জ্যোতি**

বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিচালকের দায়িত্ব পেলেন অভিনেত্রী জ্যোতিকা জ্যোতি। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬




প্রিমিয়ার ইউনিভার্সিটির আন্তর্জাতিক গণিত দিবসের অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রফেসর ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ড. অনুপম সেন

# গণিত ছাড়া জীবন চলে না

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের উদ্যোগে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন করা হয়েছে।

১৪ মার্চ বেলা ১১.৩০ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়ার ভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ।

সভাপতি ও সঞ্চালক ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির। প্রধান অতিথি বলেন, আমাদের জীবন তো গণিত ছাড়া চলেই না। যে লেখাপড়া কম জানে বা একেবারেই জানে না, তাকেও কিছুটা অংক জানতে হয়। ফলে বলা যায়, আন্তর্জাতিক গণিত দিবসের তাৎপর্য বিরাট। তিনি উল্লেখ করেন, একসময় রোমান হরফে সংখ্যা লেখা হতো। সংখ্যাগুলো অনেক বড়ো বড়ো হতো। বস্তুত রোমান হরফে সংখ্যা লেখা ছিল একটা জটিল প্রক্রিয়া। এই উপমহাদেশের গণিতবিদদের শূন্য আবিষ্কার অংকশাস্ত্রকে মুক্তি দিয়েছে। শূন্য আবিষ্কারের ফলে অনেক বড়ো বড়ো সংখ্যার লিখন ও পঠন একেবারে সহজ হয়ে গেছে।

ড. সেন দ্বাদশ ও ত্রয়োদশ শতকে ইউরোপে নবজাগরণের সময় গণিত নিয়ে ব্যাপক আলোচনার কথা তুলে ধরেন। তিনি 'জীবনের কোনো ক্ষেত্রে গণিতের বাইরে যাওয়া যায় না' উল্লেখ করে বলেন, গণিতের মাধ্যমে কেবলমাত্র মূর্ত নয়, গভীরভাবে বিমূর্ত চিন্তাও করা হয়। উদাহরণস্বরূপ বলা চলে, আলোকবর্ষ। তিনি আরও বলেন, একসময় বিশ্বের নানা প্রান্ত থেকে লোকজন জ্ঞান অর্জনের জন্য এথেন্সে প্লেটোর একাডেমিতে যেত। একাডেমিতে লেখা ছিল 'যিনি গণিত জানেন না, তাঁর একাডেমিতে আসার প্রয়োজন নেই'। এই একাডেমি আটশ বছর টিকেছিল। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, জীবনের প্রতিটি ক্ষেত্রে জেনে-না জেনে আমরা গণিত ব্যবহার করি। এ কারণে শিশু শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত গণিত বাধ্যতামূলক।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, গণিত হলো জীবনের সবক্ষেত্রে গুরুত্বপূর্ণ। গণিত হলো ল্যাংগুয়েজ অব নেচার। প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, গণিত জটিল বলে গণিতকে ভয় পেলে চলবে না। ভয়কে জয় করে গণিত অধ্যয়ন করলে তা সহজ হয়ে যায়।

অনুষ্ঠানে দাবা, বাস্কেটবল ও ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার আপদের পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিভাগের শিক্ষার্থীদের তৈরি গণিত বিষয়ক বিভিন্ন প্রজেক্ট এবং শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণামূলক কাজ নিয়ে একটি প্রদর্শনীর আয়োজন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 15 March 2023, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2023-03-15